

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৩১.১৮.২৯

তারিখ: ২৩ মাঘ ১৪২৫

০৫ ফেব্রুয়ারি ২০১৯

বিষয়: বদলিজনিত কারণে আইডিয়াল স্কুল এন্ড কলেজ এর বনশ্রী শাখায় সন্তান ভর্তি প্রসঙ্গে।

সূত্র: ৩০.০১.২০১৯ তারিখের আবেদন পত্র।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব এরাদুল হক, উপসচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৩/০১/২০১৯ তারিখের ০৫.০০.০০০০.১৩১.০০.০৪০.১৯.১১৪ নং প্রজ্ঞাপনে বিদ্যুৎ বিভাগে পদায়নের প্রেক্ষিতে জেলা প্রশাসকের কার্যালয়, ফরিদপুর এর ২৮/০১/২০১৯ তারিখের ০৫.১২.২৯০০.০০৭.১৮.১০৪.১৮-৬০ (১৫) নং স্মারকে অবমুক্ত হয়ে ৩০/০১/২০১৯ তারিখে বিদ্যুৎ বিভাগে যোগদান করেন। তাঁর দুই সন্তান যথাক্রমে ফরিদপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ের ৯ম শ্রেণি ও ফরিদপুর জিলা স্কুলের ৬ষ্ঠ শ্রেণিতে অধ্যয়নরত ছিল। বদলিজনিত কারণে তিনি তাঁর বড় সন্তান ইয়াশা হক এবং ছোট সন্তান সামিনুল হক কে আইডিয়াল স্কুল এন্ড কলেজ এর বনশ্রী শাখায় যথাক্রমে ৯ম শ্রেণি এবং ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তি করার জন্য অনুরোধ জানিয়েছেন।

০২। বর্ণিতাবস্থায়, জনাব এরাদুল হক, উপসচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় এর বড় সন্তান ইয়াশা হক এবং ছোট সন্তান সামিনুল হক কে আইডিয়াল স্কুল এন্ড কলেজ এর বনশ্রী শাখায় যথাক্রমে ৯ম শ্রেণি এবং ৬ষ্ঠ শ্রেণিতে ভর্তির বিষয়ে বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৫-২-২০১৯

আনোয়ারুল হক

উপসচিব

ফোন: ৯৫৪৫৭২০

উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।

ইমেইল: ds_sec2@moedu.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৩১.১৮.২৯/১(৪)

তারিখ: ২৩ মাঘ ১৪২৫

০৫ ফেব্রুয়ারি ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) জনাব এরাদুল হক, উপসচিব, বিদ্যুৎ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
- ২) সিনিয়র সচিব এর একান্ত সচিব, সিনিয়র সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) অধ্যক্ষ, আইডিয়াল স্কুল এন্ড কলেজ, ঢাকা।

৫-২-২০১৯

আনোয়ারুল হক

উপসচিব